

মুয়াত্তা মালিক

হাদিস নম্বরঃ ১৭৭

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. কিরাআত সম্পর্কীয় আহকাম

بَابُ الْعَمَلِ فِي الْقِرَاءَةِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِكٍ، عَنْ نَافِعٍ، أَنَّ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ، كَانَ إِذَا فَاتَهُ شَيْءٌ مِنَ الصَّلَاةِ مَعَ الْإِمَامِ فِيمَا جَهَرَ فِيهِ الْإِمَامُ بِالْقِرَاءَةِ أَنَّهُ إِذَا سَلَّمَ الْإِمَامُ - قَامَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ فَقَرَأَ لِنَفْسِهِ فِيمَا يَقْضِي وَجَهَرَ .
وَحَدَّثَنِي عَنْ مَالِكٍ، عَنْ يَزِيدَ بْنِ رُومَانَ، أَنَّهُ قَالَ كُنْتُ أُصَلِّي إِلَى جَانِبِ نَافِعِ بْنِ جُبَيْرٍ بْنِ مُطْعِمٍ فَيَغْمِرُنِي فَأَفْتَحُ عَلَيْهِ وَنَحْنُ نُصَلِّي .

বাংলা

রেওয়ায়ত ৩২. নাবি' (রহঃ) হইতে বর্ণিত, আবদুল্লাহ ইবন উমর (রাঃ)-এর নিয়ম ছিলঃ যে নামাযে ইমাম সরবে কিরা'আত পড়িতেন সেই নামাযে ইমামের সহিত কিছু অংশ ছুটিয়া গেলে ইমাম সালাম ফিরাইবার পর আবদুল্লাহ (রাঃ) দাঁড়াইয়া অবশিষ্ট নামায সরবে কিরা'আত সহকারে পড়িতেন।

ইয়াযিদ ইবন রুমান (রহঃ) হইতে বর্ণিত, তিনি বলিয়াছেনঃ আমি নাবি' ইবন যুবায়র ইবন মুতায়িম-এর পার্শ্বে দাঁড়াইয়া নামায পড়িতাম। তিনি আমাকে হস্ত দ্বারা যখন চাপ দিতেন অর্থাৎ ইশারা করিতেন তখন আমি তাকে কিরা'আত বলিয়া দিতাম, অথচ আমরা উভয়েই তখন নামাযে।

English

Yahya related to me from Malik from Nafi that when Abdullah ibn Umar missed anything of the prayer in which the imam recited out loud, he would stand up when the imam had said the taslim and recite what he owed out loud to himself.

Yahya related to me from Malik that Yazid ibn Ruman said, "I used to pray next to Nafi ibn Jubayr ibn Mutim and he would nudge me to prompt him

while we were praying."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ নাবি' (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=73070>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন